GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE DISTRICT MAGISTRATE &
DISTRICT PROGRAMME COORDINATOR
PURBA MEDINIPUR : : TAMLUK
(MGNREGS CELL)
PH: 03228 263990/263890/263017(FAX). Toll Free Help Line No. – 1800-3453202
E-mail: nrega_tamluk@rediffmail.com/mgnrega.tamluk@gmail.com/mgnrega-purb-wb@gov.in
website:- http://mgnregapurbamedinipur.org

স্মারক সংখ্যা :-১১৭(২৪৮)/এম.জি.এন.আর.ই.জি.এস/xxxxxx তাং :- ৩০/০৫/১৭

প্রেরক :- জেলা শাসক ও জেলা সমাহর্তা, পূর্ব মেদিনীপুর
প্রাপক :- ১-২৫ সমষ্টি উন্নয়ন আধিকারিক।
২৬-২৪৮ গ্রাম পঞ্চায়েত প্রধান ।

বিষয় :- সামাজিক বনসৃজন ও উদ্যান পালন সম্পর্কিত নির্দেশিকা।

আপনারা অবগত যে বর্ষাকাল এসে গেছে। এই মুহূর্তে একমাত্র বনসৃজন অত্যন্ত গুরুত্বপূর্ন কাজ MGNREGS এর। সে জন্য খরচ ও শ্রমদিবস বাড়াতে গেলে প্রচুর বনসৃজনের কাজ করতে হবে। ২০১৭-১৮ অর্থবর্ষে মহাত্মাগান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা প্রকল্পে বৃক্ষরোপণের প্রাকক্কালীন কাজ ইতিমধ্যেই প্রতিটি ব্লকে শুরু হয়ে যাওয়ার কথা। এবছর ১০ লক্ষ গাছ বৃক্ষপাট্টার মাধ্যমে লাগানো হবে। এবছর আমরা বনোমহোৎসব (১৪ জুলাই-২০ জুলাই) জেলাপরিষদ, বনদপ্তর এবং এম.জি.এন.আর.ই.জি.এস. এর যৌথ উদ্যোগে পালন করা হবে।

এই উদ্দেশ্যে সমস্ত গ্রাম পঞ্চায়েতের প্রধানকে অনুরোধ করা হচ্ছে যে আপনারা সপ্তাহব্যাপী বনমহোৎসব পালন করুন Awareness Programne এর মাধ্যমে। প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতকে স্কুল (Secondary/ Prymary/SSK/MSK) শনাক্ত করতে হবে যেখানে অন্ততপক্ষে ৫০টি চারাগাছ লাগানোর জন্য যথেষ্ট পরিমানে জায়গা থাকে। বৃক্ষপাট্টা সেই সব স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের দিতে হবে যাদের জব কার্ড আছে এবং যারা স্কুলের Mid-Day-Meal এর সঙ্গে যুক্ত । তাদেরকে স্কুল প্রাঙ্গন পরিস্কার করার কাজে যুক্ত করা যেতে পারে।

এইসব বিবেচনা করে নিম্নলিখিত কাজগুলি এখনই করতে হবে।

১) ফলগাছের জন্য এবং সামাজিক বনসৃজনের জন্য যথাক্রমে 1m X 1m X 1m এবং 1.5 ft X 1.5 ft X 1.5ft অথবা এস্টিমেট অনুযায়ী গর্ত করতে হবে।
2) গাছ থেকে গাছের দূরত্ব এবং লাইন থেকে লাইনের দূরত্ব ফলগাছের ক্ষেত্রে নূন্যতম 5m X 5m এবং সামাজিক বনসৃজনের ক্ষেত্রে নূন্যতম 2.5m X 2.5m এর কম হওয়া চলবে না।
৩) গাছ বনবিভাগ, সি.এ.ডি.সি., গ্রাম পঞ্চায়েতের নিজস্ব নার্সারি থেকে নিতে হবে।
৪) চারা নির্দিষ্ট করার জন্য যে সমস্ত মানুষ বা স্বনির্ভর দলকে যুক্ত করা হবে তাদের পছন্দ জেনে নিয়ে যতটা সম্ভব চারা চিহ্নিত করা যেতে পারে।
৫) গাছ লাগানো ও তার রক্ষণাবেক্ষণের কাজে ঐ এলাকার জবকার্ডধারীদের যুক্ত করতে হবে। আমরা চাই এই কাজে স্বনির্ভর দলের সদস্যাদের যুক্ত করা হোক। স্বনির্ভরদলের সদস্যাদের মধ্যে যাদের জবকার্ড আছে।
৬) চারা ও গাছ লাগানোর জমি - উভয়ই চিহ্নিত হয়ে গেলে গর্ত খোঁড়া ও গাছ লাগানোর কাজ শুরু করা যেতে পারে (পাট্টা প্রদানের পর) । এই কাজেও সংশ্লিষ্ট পরিবারগুলিকে ব্যবহার করা

যেতে পারে।

৭) বৃক্ষপাট্টা থাকলেই সেই জবকার্ডধারি ঐ উদ্যানে গাছের পরিচর্যা করার দায়িত্ব পাবেন । বৃক্ষপাট্টা ব্যতিরেকে এ বছর কোনো অবস্থাতেই রাস্তার তীরবর্তী অঞ্চলে গাছ লাগানো যাবে না।

৮) বৃক্ষপাট্টা আছে এমন পরিবারগুলিকে গাছের রক্ষণাবেক্ষণের দায়িত্ব দিতে হবে। এক্ষেত্রে মজুরী গাছের বেঁচে থাকার হারের ওপর নির্ভর করবে। প্রথম বছরটি গাছ লাগানোর বছর হিসাবে ধরে নিয়ে এক্ষেত্রে সাধারনভাবে তিন বছর এবং এক্ষেত্রে গাছ বিশেষ সর্বাধিক পাঁচ বছর পর্যন্ত রক্ষনাবেক্ষনের ব্যবস্থা রাখা যাবে।

৯) রাস্তার ধারে বা বাঁধে গাছ লাগানোর পাশাপাশি কতটা জমিতে ব্লক প্ল্যানটেশন হবে সেটাও ঠিক করে নিতে হবে। এক্ষেত্রে সর্বাগ্রে অধিকার পাবে স্বনির্ভর দলের সদস্যাদের নিজস্ব বা লিজ নেওয়া জমি / সরকারি /ভেস্টেড / পঞ্চায়েতের নিজস্ব জমিতে গাছ লাগানো হলে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা হবে রাস্তার ধারে গাছ লাগানোর প্রকল্পের অনুরূপ তবে সম্পূর্ণভাবে ব্যক্তিগত জমিতে গাছ লাগানো হলে গাছ লাগানোর বছর শেষ হয়ে যাওয়ার পরে আর রক্ষণাবেক্ষণের মজুরী দেওয়া যাবে না।

১০) **রাসায়নিক সারের পরিবর্তে জৈবসার ব্যবহার করতে হবে।**

আর একটি অতি গুরুত্বপূর্ন ব্যাপার হলো এম.আই.এস.-এ কাজের তথ্য এ বৃক্ষপাট্টার তথ্য ভরে দিতে হবে।

নির্দেশনামাগুলি মেনে চলতে সকলকে অনুরোধ করা হচ্ছে।

জেলা শাসক ও জেলা সমাহর্তা
পূর্ব মেদিনীপুর

স্মারক সংখ্যা :-১১৭(২৪৮)/১৫/[illegible] তাং :- ৩০/০৫/১৭

প্রতিলিপি প্রেরিত হইল :-

১। সভাধিপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ।
২। প্রকল্প অধিকর্তা, জেলা গ্রামোন্নয়ন বিভাগ, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ।
৩। বিভাগীয় বন আধিকারিক, পূর্ব মেদিনীপুর।
৪। ভারপ্রাপ্ত আধিকারিক, পশ্চিমবঙ্গ বিস্তৃত এলাকা উন্নয়ন কর্পোরেশন, পূর্ব মেদিনীপুর।
৫। কর্মাধ্যক্ষ, বন ও ভূমি স্থায়ী সমিতি, পূর্ব মেদিনীপুর।
৬। মহকুমা শাসক, তমলুক/হলদিয়া/এগরা/কন্টাই মহকুমা।

জেলা শাসক ও জেলা সমাহর্তা
পূর্ব মেদিনীপুর